সমকাল

তারিখ 16 NOV 2016
পৃষ্ঠা 4 কলাম 2

এসএসসির ফরম ফিলআপ

# আদায় করা বাড়তি টাকা ফেরত না দিলে স্কুল কমিটি বাতিল

■ সমকাল প্রতিবেদক

এসএসসির ফরম ফিলআপে অতিরিক্ত ফি আদায়কারী শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে কড়া হুঁশিয়ারি দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এসব প্রতিষ্ঠানকে সতর্ক করতে গতকাল মঙ্গলবার মন্ত্রণালয় থেকে এক বিজ্ঞপ্তি জারি করা হয়।

মন্ত্রণালয়ের তথ্য কর্মকর্তার পাঠানো এ বিজ্ঞপ্তিতে বলা হয়, 'সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, দেশের বিভিন্ন স্থানে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা ২০১৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষার ফরম পূরণের ক্ষেত্রে শিক্ষা বোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত ফি-র অতিরিক্ত অর্থ শিক্ষার্থীদের কাছ থেকে আদায় করছেন, যা সরকারি বিধিবিধানের পরিপন্থী। অতিরিক্ত আদায়কৃত অর্থ অবিলম্বে শিক্ষার্থীদের ফেরত দিতে হবে। অন্যথায় ম্যানেজিং কমিটি বাতিলসহ প্রতিষ্ঠানপ্রধানদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।'

এর আগে চলতি শিক্ষাবর্ষের শুরুতেই সারাদেশের ৮৬০টি বিদ্যালয় কর্তৃপক্ষ অভিভাবকদের কাছ থেকে নানা খাতে বাড়তি অর্থ আদায় করেছে বলে সরকারি তদন্তে প্রমাণ মেলার পর সেসব প্রতিষ্ঠানের কমিটি ভেঙে দিয়েছিল শিক্ষা মন্ত্রণালয়। বাড়তি অর্থ আদায়ের ৯৫ শতাংশ ঘটনাই ঢাকা শিক্ষা বোর্ডের অধীনের স্কুলগুলোর। এসব বিদ্যালয়ের বিরুদ্ধে শিক্ষা মন্ত্রণালয় দু-একদিনের মধ্যেই শাস্তিমূলক ব্যবস্থা নেবে বলে জানা গেছে। মন্ত্রণালয়ের একাধিক সূত্র জানায়, এসব প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি ভেঙে দেওয়ার কথা ভাবা হচ্ছে।